শেখ হাসিনার উদ্যোগ
ঘরে ঘরে বিদ্যুৎ

# কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৩

গৌরীপুর, দাউদকান্দি, কুমিল্লা।

Web: http://pbs3.comilla.gov.bd
ই-মেইলঃ comillapbs3@gmail.com

স্মারক নং-২৭.১২.১৯৩৬.৫৭২.০২.০০৮.২২. 2627

০৭ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ
তারিখঃ ---------------------------
২১ জুন, ২০২২ খ্রিস্টাব্দ

## **"নিয়োগ বিজ্ঞপ্তি"**

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এ নিম্ন বর্ণিত শূন্য পদে স্থায়ী ভিত্তিতে লোকবল নিয়োগ ও প্যানেল প্রস্তুতের নিমিত্তে যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফর্মে স্বহস্তে পূরণকৃত নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

| পদের নাম | বেতন ও অন্যান্য ভাতা | পদের সংখ্যা | বয়সসীমা | যোগ্যতাও অভিজ্ঞতা | যে জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না। |
|---|---|---|---|---|---|
| সহকারী ক্যাশিয়ার (মহিলাদের জন্য সংরক্ষিত) | পবিস বেতন কাঠামো ২০১৬ মোতাবেক ১৮,৩০০.০০ হতে ৪৬,২৪০.০০ টাকা এবং নিয়মানুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রদেয়। | ০৩ টি (কম/ বেশী হতে পারে) | ২১/০৬/২০২২ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩০ বছরের মধ্যে থাকতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান এর ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বৎসর এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানের পুত্র কন্যার ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের প্রমানক হিসাবে এস.এস.সি/সমমান সনদপত্র বিবেচিত হবে। | (ক) এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান উভয় পরীক্ষায় জিপিএ ৫ এর মধ্যে ৩.০০ থাকতে হবে।<br>(খ) বাংলায় প্রতি মিনিটে নূন্যতম ১০ (দশ) শব্দ ও ইংরেজিতে প্রতি মিনিটে নূন্যতম ৩০ (ত্রিশ) শব্দ টাইপ করতে সক্ষম হতে হবে।<br>(গ) অফিস যন্ত্রপাতি ও কম্পিউটার চালানোর অভিজ্ঞতা থাকতে হবে।<br>(ঘ) সহকারী ক্যাশিয়ার পদে নির্বাচিত প্রার্থী জামানত হিসেবে ২০,০০০/- (বিশ হাজার) টাকা জমা প্রদান করতে হবে।<br>(ঙ) প্রার্থীর পারিবারীক স্বচ্ছলতা সরেজমিনে পরিদর্শন পূর্বক যাচাই করা হবে।<br>চ) প্রার্থীর গ্রাহকের সাথে স্বতঃস্ফুর্ত আচরন করার সক্ষমতা থাকতে হবে। | বান্দরবান, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, চুয়াডাঙ্গা,কুমিল্লা,ফেনী, গাজীপুর, হবিগঞ্জ, জামালপুর, ঝালকাঠি, জয়পুরহাট,কিশোরগঞ্জ, লক্ষীপুর, মাগুরা, মানিকগঞ্জ, মেহেরপুর,মৌলভীবাজার, মুন্সীগঞ্জ, ময়মনসিংহ, নড়াইল, নারায়নগঞ্জ, নরসিংদী, চাপাইনবাবগঞ্জ, নেত্রকোনা, নোয়াখালী, পাবনা, পটুয়াখালী,পিরোজপুর, রাজবাড়ী, সাতক্ষীরা, শেরপুর। |

**শর্তাবলীঃ**

০১। উল্লেখিত পদে নিয়োগ লাভে আগ্রহী প্রার্থীগণকে কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৩, কুমিল্লা এর ওয়েবসাইট http://pbs3.comilla.gov.bd অথবা বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের ওয়েবসাইট **www.reb.gov.bd** হতে A-4 সাইজের আবেদন ফরম কাগজে (ফরম নং পমাসপ ১১০-০০২, ভার্সন-০১) ডাউনলোড করে সংগ্রহ করতে হবে (পূরণযোগ্য প্রবেশপত্রসহ)। সংগৃহীত আবেদন ফরম স্ব-হস্তে যথাযথভাবে পূরণ পূর্বক সিনিয়র জেনারেল ম্যানেজার, কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে ২০০.০০ (দুইশত) টাকা মূল্যমানের এমআইসিআর পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আবেদন পত্রের সাথে সংযুক্ত করতঃ আগামী ১৮/০৭/২০২২ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে সিনিয়র জেনারেল ম্যানেজার, কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৩, গৌরীপুর, দাউদকান্দি, কুমিল্লা এর বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে। নির্ধারিত আবেদন ফর্ম ব্যতীত অন্য কোন আবেদন ফর্মে/ সাদা কাগজে/ টাইপকৃত/সরাসরি কোন আবেদনপত্র অথবা উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

০২। প্রার্থীকে আবেদনপত্রে নিম্নোক্ত কাগজপত্রাদি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (সুস্পষ্ট নাম ও সীলযুক্ত) করে সংযুক্ত করতে হবেঃ

ক) শিক্ষাগত যোগ্যতার সকল মূল/সাময়িক সনদপত্রের সত্যায়িত কপি (মার্কশীট/ প্রশংসা পত্র গ্রহণযোগ্য নয়)।
খ) জাতীয় পরিচয় পত্র/ জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি।
গ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/ পৌরসভার মেয়র/ ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব/চারিত্রিক সনদপত্র।
ঘ) ছবির পিছনে প্রার্থীর নাম লিখা সম্বলিত ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।

০৩। ২১/০৬/২০২২ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানদের সন্তান এর ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। এক্ষেত্রে প্রার্থীকে আবেদনপত্রের সাথে প্রমাণ স্বরূপ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার (সরকারী নির্দেশনা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত হতে হবে) সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

০৪। অসম্পূর্ণ আবেদনপত্র তথা নির্ধারিত আবেদনপত্রটি যথাযথভাবে পূরণ করা না হলে বা আংশিক পূরণ করা হলে বা ভুল তথ্য প্রদান করা হলে বা স্বাক্ষর করা না হলে অথবা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যে কোন গড়মিল পাওয়া গেলে আবেদনপত্র বাছাই প্রক্রিয়ার অর্থাৎ লিখিত পরীক্ষার পূর্বেই বা পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদন পত্রের কোন অংশ প্রযোজ্য না হয় সেই ক্ষেত্রে **"প্রযোজ্য নয়"** উল্লেখ করতে হবে।

০৫। প্রার্থী কর্তৃক তার শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা, জন্ম তারিখ, বয়স, স্থায়ী ঠিকানা নিজ জেলাসহ আবেদন পত্রের প্রদত্ত অন্যান্য যে কোন তথ্য অসম্পূর্ণ বা অসত্য বা অসঙ্গাতিপূর্ণ প্রমাণিত হলে তার প্রার্থীতা বাতিল করা হবে।

০৬। প্রার্থীকে অবশ্যই ভদ্র ও প্রফুল্ল চিত্তে জনসাধারণের সাথে কাজ করার মানসিকতা থাকতে হবে। উত্তীর্ণ প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য **"অন-প্রবেশনে"** নিয়োগ প্রদান করা হবে। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থী যোগদানের সময় স্থানীয় সিভিল সার্জন/স্বীকৃত মেডিক্যাল অফিসার/পবিসের রিটেইনার চিকিৎসকের এবং স্বীকৃত বিশেষজ্ঞের নিকট হতে তার সুস্থতার স্বাস্থ্যগত সার্টিফিকেট (Dope Test রিপোর্টসহ) দাখিল করতে হবে। অন-প্রবেশন কালে অর্পিত দায়িত্ব ও কর্তব্যসমূহ যাথাযথভাবে সম্পাদন, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক আয়োজিত নির্ধারিত প্রশিক্ষণে উত্তীর্ণ, বার্ষিক কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে (পবিস নির্দেশিকা ৩০০-১৪,৩০০-১৭, ৩০০-২৪ এবং ৩০০-৫১ মোতাবেক) শর্ত সাপেক্ষে সমিতির নিজস্ব বেতন কাঠামোর নির্ধারিত বেতন পরিধিতে নিয়মিত করা হবে।

০৭। অত্র পবিসের এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও সমিতির কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/স্ত্রীদের রক্তের সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নেই। এ সংক্রান্ত যে কোন তথ্যের সত্যতা প্রমাণিত হলে যেকোন সময়ে তার প্রার্থীতা বাতিল করা হবে।

০৮। প্রতারণা মূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দেওয়া হলে অথবা কোন তথ্য গোপন রাখলে দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

০৯। সরকারি, আধা-সরকারি,স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১০। বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব মুহূর্ত পর্যন্ত কোন পদে নিয়োগ/বদলী/পদোন্নতির মাধ্যমে কোন জেলা কোটা পূরণ হলে সেই জেলার প্রার্থীদের আবেদন বিবেচনা করা হবে না। উল্লেখ্য যে, নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত বিধি-বিধান প্রতিপালনে সরকারি সর্বশেষ নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করা হবে।

১১। অন্য কোন সংস্থা অথবা কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্তকৃত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের উক্ত পদে আবেদন করার প্রয়োজন নাই। প্রতারণা করে অথবা কোন তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে কোন তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষনিকভাবে তাকে চাকুরীচ্যুত করা হবে এবং দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

১২। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূল কপি দাখিল করতে হবে।

১৩। খামের উপর অবশ্যই বড় অক্ষরে পদের নাম ও নিজ জেলার নাম উল্লেখ করতে হবে।

১৪। যে কোন পদের জন্য তদবির প্রার্থীর অযোগ্যতা হিসাবে গন্য করা হবে।

১৫। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৬। পরীক্ষায় অংশগ্রহনের সময় আবেদনের সাথে সংযুক্ত সকল কাগজ পত্রের মূলকপি অবশ্যই সংগে আনতে হবে।

21.06.2022
(মোঃ কেফায়েত উল্লাহ্)
সিনিয়র জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে/ সদয় অবগতির জন্য)।**

০১। জেলা প্রশাসক/পুলিশ সুপার, কুমিল্লা/মুন্সিগঞ্জ/ব্রাহ্মণবাড়িয়া।
০২। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০৩। পরিচালক, পবিস মানব সম্পদ/ পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল)/আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার----------------পবিস-১/২/৩/৪ ⟹
০৫। একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়, বাপবিবো, ঢাকা।
০৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা--------------------------------------, কুমিল্লা/মুন্সিগঞ্জ/ব্রাহ্মনবাড়িয়া।

**সদয় অবগতি ও বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের উদ্দেশ্যে আপনার দপ্তরে নোটিশ বোর্ডে টানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**

**বিতরণঃ**

০১। ডিজিএম, দাউদকান্দি/ হোমনা/ গজারিয়া/বাঞ্ছারামপুর/ সদর দপ্তর (কারিগরী), কুমিল্লা পবিস-৩।
০২। এজিএম (ওএন্ডএম), মেঘনা/তিতাস সাব-জোনাল অফিস, কুমিল্লা পবিস-৩।
০৩। এজিএম (ইএন্ডসি/ওএন্ডএম /অর্থ/এমএস/প্রশাসন/আইটি), কুমিল্লা পবিস-৩।
০৪। নোটিশ বোর্ড/ওয়েবসাইট, কুমিল্লা পবিস-৩।
০৫। অফিস কপি/ মাস্টার কপি।

21.06.2022
(মোঃ কেফায়েত উল্লাহ্)
সিনিয়র জেনারেল ম্যানেজার